# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ৪. ৫. সকল নবী-রাসূলের দা'ওয়াত এক

নবী-রাসূলগণের দা'ওয়াত বা প্রচারের বিষয় মূলত এক ছিল। তাঁরা সবাই মানুষদেরকে তাওহীদ বা একমাত্র আল্লাহর ইবাদত করতে আহবান করেছেন এবং আল্লাহ ছাড়া কারো ইবাদত করতে নিষেধ করেছেন। মানুষদেরকে দুনিয়ার জীবনে আল্লাহর শেখানো পথে চলতে এবং সকল মানুষের জন্য কল্যাণময় সামাজিক জীবনে বাস করতে পথ নির্দেশ দিয়েছেন। যে বিশ্বাস, কর্ম বা আচরণ মানুষের অকল্যাণ করে বা আল্লাহর প্রেম থেকে মানুষকে বঞ্চিত করে তা থেকে তাঁরা মানুষদেরকে নিষেধ করেছেন। তাঁদের মূল দাওয়াত ও ধর্ম ছিল এক ও অভিন্ন ইসলাম, তবে তাঁদের শরীয়াত বা বিধানাবলী ছিল যুগ ও সমাজ অনুযায়ী ভিন্ন ভিন্ন। মানুষদেরকে কল্যাণের পথে আহবান করা বা পথের নির্দেশ দেওয়াই ছিল তাঁদের দায়িত্ব। তাঁদের আহবানে সাড়া দেওয়া বা না দেওয়া ছিল মানুষের এখতিয়ার।[1]

## ফুটনোট

[1] সূরা (৬) আনআম: ৪৮-৪৯ আয়াত ; সূরা (২১) আম্বিয়া: ২৫ আয়াত; সূরা (৪২) শুরা: ১৩ আয়াত; সূরা (১৬) নাহল: ৩৬ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7101

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন